



# সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি/ ৫ শরৎ ঘোষ স্ট্রিট, কলকাতা ১৪

২৫ শে জানুয়ারি ২০১৫

## সাধারণতন্ত্র দিবসে মার্কিন রাষ্ট্রপতিকে প্রধান অতিথি করার প্রতিবাদ

আগামী ২৬ জানুয়ারি ২০১৫ সাধারণতন্ত্র দিবসে মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামাকে ভারত সরকার প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছে সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা (এ আই পি এস ও)'র পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি। সাধারণতন্ত্র দিবসে প্রতিবছরই কোনো বন্ধুরাষ্ট্রের রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধানকে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়। কিন্তু আজ অবধি কোনো কেন্দ্রীয় সরকার মার্কিন যুক্তরাষ্ট্রের কোনো রাষ্ট্রপতিকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানায় নি। নরেন্দ্র মোদীর নেতৃত্বে গঠিত বিজেপি সরকার এই প্রথম মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামাকে ২৬ জানুয়ারির অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছে। এই পদক্ষেপে বিজেপি সরকারের মার্কিন যুক্তরাষ্ট্রমুখী বিদেশ নীতির প্রতিফলন পড়েছে।

ক্ষমতায় আসার পর থেকেই বিজেপি সরকার সাম্রাজ্যবাদ-নির্ভরশীল বিদেশনীতি আরও জোরকদমে অনুসরণ করছে। কয়েক মাস আগে প্রধানমন্ত্রী মোদী আমেরিকায় গিয়েছিলেন সরকারী সফরে। আমেরিকা চায়, ভারত সরকার নয়া-উদারবাদী পথে দেশের বাজার আরও হাট করে দিক। বিজেপি সরকারও মার্কিন বহুজাতিকদের জন্য ভারতের বাজার আরও খুলে দিতে তৎপর। প্রধানমন্ত্রী মোদীর মার্কিন সফর কালে দ্বিপাক্ষিক আলোচনার পর প্রকাশিত ওবামা-মোদী যৌথ বিবৃতিতে আরও দশ বছরের জন্য প্রতিরক্ষায় কাঠামোগত চুক্তি সম্প্রসারণের কথা বলা হয়েছে। ২০০৫ সালে ইউ পি এ সরকার যখন প্রথম এই চুক্তি করে, তখন দেশপ্রেমিক জনগণ এই আত্মসমর্পণমূলক চুক্তির বিরোধিতা করেছিল। আরও দশ বছরের জন্য ভারত-মার্কিন প্রতিরক্ষা চুক্তির উদ্দেশ্য, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মার্কিন সাম্রাজ্যবাদী কর্তৃত্বের জন্য ভারতকে সহযোগী করা। ভারতের জোট-নিরপেক্ষ নীতি এতে অস্বীকৃত হবে। দেশের স্বার্থে এই চুক্তি বাতিল করা উচিত।

মার্কিন তোষণের প্রভাব পড়ছে ভারতের বিদেশ নীতির অন্যান্য ক্ষেত্রেও। তাই মোদী সরকার প্যালেস্তাইন প্রশ্নেও মার্কিন সরকারকে খুশি করতে তৎপর। গাজায় হত্যালীলা চালানোর পরও ইজরায়েলী হানাদারির কোনো নিন্দা ভারত করেনি। প্যালেস্তাইন তথা আরব জনগণের পক্ষে স্বাধীন ভারতের চিরাচরিত অবস্থান আমূল বদলে দিতে চায় বিজেপি সরকার। প্রসঙ্গত, ভারতই ইজরায়েলী অস্ত্রের সবচেয়ে বড় ক্রেতা।

এ অবস্থায় সাম্রাজ্যবাদী স্বার্থকে তুষ্ট করার চেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ কর্মসূচীতে এগিয়ে আসার জন্য দলমত নির্বিশেষে রাজ্যের সর্বস্তরের মানুষের কাছে এ আই পি এস ও, পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি আবেদন জানাচ্ছে।

রাজ্য সম্পাদকমণ্ডলী

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি